Elearning Info
https://www.elearninginfo.in



# কালকেতুর বিবাহ-উদ্যোগ

নানা বস্ত্র [১]কেনে[১] হাটে : হরিণ মহিষ কাটে : নিমন্ত্রিয়া আনে বন্ধুজন।
নিয়া অধিবাস-ডালা : কিরাত নগরে গেলা : বন্ধু মেলি সোনাই ব্রাহ্মণ।।
[২]বন্দি পদ-সরসিজ[২] : আসনে বসালা দ্বিজ : শুভক্ষণে বান্ধিল ছান্দলা।
গোময়ে লেপিয়া মাটি : আলিপনা পরিপাটি : [৩]চারিদিকে বন্ধুগণ মেলা[৩]।।
ফুল্লরার গন্ধ-অধিবাস।
[৪]ছায়া মণ্ডপের মাঝে : ঢেমচা দগড় বাজে[৪] : হীরাবতী হৃদয়ে উল্লাস।।
[৫]পরিয়া হরিদ্রা-বাসে : ফুল্লরা বাহিরে আইসে : দেখি সুখী সব বন্ধুজনে।[৫]
সুবেশা ফুল্লরা নারী : সঙ্গে সখী[৬]জনা[৬] চারি : বসিলা পিতার সন্নিধানে।।
ব্রাহ্মণ বসিয়া পীঠে : বেদমন্ত্র পড়ি ঘটে : গণেশেরে কৈল আবাহন।
[৭]দিয়া[৭] পঞ্চ উপচারে : [৮]পূজা কৈলে দিবাকরে[৮] : শুভক্ষণে গন্ধাধিবাসন।।
[৯]মহী আর গন্ধ শিলা : দূর্ব্বা ধান্য পুষ্পমালা[৯] : দধি [১০]ঘৃত স্বস্তিক[১০] সিন্দূর।
শঙ্খ কজ্জল সোণা : [১১]তাম্র[১১] রৌপ্য গোরোচনা : চামর দর্পণ কর্ণপূর।।
দ্বিজ সূত্র বান্ধে করে : বান্ধিল [১২]মূড়লা[১২] শিরে : আয়্য দেয় জয় চারিভিতে।
*
ষোড়শ মাতৃকা-পূজা : [১৩]ঘৃত ঢালি চেদিরাজা[১৩] : [১৪]পূজা তথি কৈলা[১৪] পুরোহিতে।
কর্ম্মকাণ্ড ছিল যত : [১৫]সমাধিল পুরোহিত[১৫] : [১৬]দেখি[১৬] ধর্ম্মকেতুর কৌতুক।
[১৭]তথা অধিবাস আদি : কৈলা ব্যাধ যথাবিধি : আনন্দে করিলা নান্দীমুখ।।[১৭]
[১৮]একে একে কৈল[১৮] কর্ম্ম : যে ছিল কুলের ধর্ম্ম : ধর্ম্মকেতু কৈলা সমাপন।
মুকুট-মণ্ডিত শির : কালকেতু মহাবীর : বন্দে [১৯]গুরু[১৯] দ্বিজের চরণ।।
[২০]মহামিশ্র ইত্যাদি।।[২০]

---

পাঠান্তর :

১-১ আনে ; ২-২ হাস্য মুখ সরসিজ (গ), শুভ মুখ সরসিজ (ছ) ; ৩-৩ চৌদিকে বান্দিল বনমালা। (গ) ; ৪-৪ নৃত্য গীত সুবাদন : কোলাহল বন্ধুজন (চ) ; ৫-৫ পরিয়া হরিদ্রা বাসে : কটাক্ষ নয়নে হাসে : যত ছিল পরিহাস্য জনে। (খ, ঘ, ছ)
৬-৬ পাঁচ ; ৭-৭ পূজি ; ৮-৮ পূজে নানা দেবতারে (খ) পূজে অন্য দেবতারে (খ, চ, ছ)
৯-৯ মহী গন্ধ ধান্য শিলা : শত দূর্ব্বা পুষ্পমালা (খ, চ, ছ)
১০-১০ দুগ্ধ সরস ; ১১-১১ অস্ত্র (চ) ; ১২-১২ মুগুল্যো (চ) মুড্যালা (ছ)

* অতিরিক্ত—
শত আয়্যাগণ মিলে : বাদ্য গীত কুতূহলে : জল শয়ে নিশাভাগরাতি।। (চ)
ব্যাধের রমণী মিলি : সভে দেই হুলাহুলি : জল সহি বুলে ঘরে ঘরে।। (খ)
১৩-১৩ ঘৃতধারে চেতি রাজা ; ১৪-১৪ একে একে কৈল ; ১৫-১৫ পুরোহিত সমাপিত
১৬-১৬ শুনি ; ১৭-১৭ শাস্ত্রমত যত ছিল : একে একে নিবড়িল : পশ্চাৎ করিল নান্দীমুখে। (ঘ, ছ)
১৮-১৮ এমন মঙ্গল ; ১৯-১৯ কালু
২০-২০ পিতা পুত্র বন্ধু জ্ঞাতি : আনন্দে পূর্ণিত মতি : বরযাত্রী করিল সাজন।
রাত্রি দিন তুয়া সেবি : রচিল নৌতন কবি : চক্রবর্তী শ্রীকবিকঙ্কণ।। (ছ)

Elearning Info
https://www.elearninginfo.in

# কালকেতুর বিবাহ

গমনের শুভ বেলা : বাউরী যোগায় দোলা : তথি বীর কৈল আরোহণ।
বর যাত্রা পড়ে সাড়া : [১]বাজয়ে ঢেমচা কাড়া[১] : [২]চারিদিকে বাজয়ে বাজন[২]।।
কালকেতুর বিবাহ-মঙ্গল।
চৌদিকে হুলুই ধ্বনি : দেই [৩]ব্যাধ-নিতম্বনী[৩] : [৪]নিদয়ার[৪] মানস সফল।।
*
সমুখে দেউটি জ্বলে : হাস্যকথা কুতূহলে : [৫]কহে যত বরযাত্রিগণ[৫]।
জামাতা-গৌরব-হেতু : আসিয়া সঞ্জয়কেতু : সবারে করিলা সম্ভাষণ।।
[৬]ছায়ামণ্ডপের তলে[৬] : বসাল্য কুঞ্জরছালে : বন্ধুগণ মেলি কুতূহলে।
স্বস্তিবাক্য দ্বিজে করে : বরণ করিলা বরে : বীর-ধরা স্ফটিক-কুণ্ডলে।।
করিয়া বিরল স্থান : জামাতারে করে মান : প্রেমবতী ব্যাধের অবলা।
শিরে দিয়া দূর্ব্বাধান : নিছিয়া ফেলিলা পান : [৭]গলে দিল বন-ফুল-মালা[৭]।।
চারিদিকে গীত-নাটে : ফুল্লরা [৮]বসিলা[৮] পাটে : কুঞ্জরের [৯]চর্ম্ম মধ্যে[৯] ধরে।
চৌদিকে ব্যাধের নারী : উচ্চস্বরে বলে হরি : ছাউনী হইল কন্যাবরে।।
বাপের পুণ্যের হেতু : আনন্দে সঞ্জয়কেতু : কুশহস্তে করে কন্যাদান।
যৌতুক ধনুকখান : [১০]দিল খর তিন বাণ[১০] : [১১]জামাতারে করিল বহুমান[১১]।।
বাজায়্যা ঢেমচা পড়া : দ্বিজে বান্ধে [১২]গাঁটিছড়া[১২] : বরকন্যা দেখে অরুন্ধতী।
বন্দিয়া রোহিণী সোম : [১৩]লাজাহুতি[১৩] কৈল হোম : দোঁহে কৈলা অনলে প্রণতি।।
[১৪]দোঁহে প্রবেশিয়া ঘরে : মীন মাংস ভোগ করে : রাত্রি গেল কুসুমশয্যায়।[১৪]
[১৫]চিন্তাযুক্ত ধর্ম্মকেতু : কুটুম্ব-ভোজন হেতু : বেহাইরে মাগিলা বিদায়।।[১৫]
[১৬]বেহাইর পায়ে[১৬] পড়ি : ব্যবহার কৈল [১৭]কড়ি[১৭] : [১৮]সাতনলা আঠাজাল ফান্দে[১৮]।
[১৯]পাথরে আমানী ভরি[১৯] : দিলা সঞ্জয়ের নারী : ফুল্লরা করিয়া কোলে কান্দে।।
ইষ্ট কুটুম্ব [২০]আদি[২০] : সঞ্জয়ের যত জ্ঞাতি : অভিলাষ পূরিলা [২১]যৌতুকে[২১]।
রচিয়া ত্রিপদী ছন্দ : গান [২২] করে[২২] শ্রীমুকুন্দ : রাজা রঘুনাথের কৌতুকে।।

---

**পাঠান্তর** :
১-১ ঢেমচা দগড়ি পড়া ; ২-২ বর বেড়ি করএ গমন। (ছ)
৩-৩ জত নিতম্বিনী ; ৪-৪ হিরাবতীর

* অতিরিক্ত—
আইল বরযাত্রিগণ : সঞ্জয়ের নিকেতন : নমস্কার হৈল কোলাহল।
কেহ আগাইয়া বীরে : গুড় চাউলী মারে : গুয়া কাটায় হৈল গণ্ডগোল।। (ঘ)
৫-৫ যায় সবে এড়ি নানা বন। (ঘ)
বরজাত পাল্যা মোহাজন। (চ)
বরজাত্রি করিল সাজন। (ঘ)
বরজাত্রি পাইল মহাধন। (গ)
[ এই অংশটুকু ছ-পুঁথিতে নেই। ]
৬-৬ চৌদিকে দেউটি জ্বলে।

৭-৭ গলে দিল হাটো পুষ্পের মালা। (গ) ; গলে তুলি দিল ফুল মালা। (ছ)
৮-৮ চড়িল ; ৯-৯ ছাল মাঝে ; ১০-১০ খর তিন গোটা বাণ
১১-১১ মূর্ব্বাগুণ অঙ্গুলীর ত্রাণ। (চ)
গণ্ডকের য়ঙ্গুরি দিল মান। (গ)
মুর্গাগুণ অঙ্গুলির তান। (ছ)
১২-১২ গ্রন্তচূড়া (ছ) ; ১৩-১৩ লাজহোনি
১৪-১৪ অন্তবন্ধ অরুন্ধতি : দেখি বন্দে নিশাপতি : অগ্নি পূজি গৃহে দুঁহে জায়। (চ)
১৫-১৫ ভোজন শয়ন রসে : ধর্ম্মকেতু নিসি সেশে : বিহাইরে মাগীলা বিদায়। (চ)
১৬-১৬ বৈবাহিক চরণে
১৭-১৭ বড়ি (ঘ, চ, ছ) ; ১৮-১৮ দেখিআ মোলিন মুখচান্দে। (খ)
১৯-১৯ মাট্যা শিলা চালু পুরি (চ)
২০-২০ জাতি ; ২১-২১ কৌতুকে (চ) ; ২২-২২ কবি

Elearning Info
https://www.elearninginfo.in

# পশুগণের ক্রন্দন

কান্দে সিংহ আদি পশু সোঙরি অভয়া। অপরাধ বিনে [১]কেনে[১] দূর কৈলে দয়া॥
ভালে টীকা দিয়া মাগো করিলে মৃগরাজ। করিব তোমার সেবা রাজ্যে নাহি কাজ॥

*

প্রাণের দোসর ভাই গেল পরলোক। উদরের জ্বালা আর সোদরের শোক॥
হাতে [২]পদে[২] দড়ি দিয়া বান্ধে দুই তোক। গড়াগড়ি দিয়া কান্দে রায়বার কোক॥
[৩]দয়াসিন্ধু[৩] পার কর অপার সংসার। তোমার স্মরণে মাতা আপন [৪]উদ্ধার[৪]॥
উই চারা খাই আমি [৫]নামেতে ভালুক[৫]। নেউগী চৌধুরী নই না করি তালুক॥
সাতপুত্র [৬]নিলা বীর[৬] বান্ধিয়া জাল-পাশে। সবংশে [৭]মজিনু মাতা[৭] তোমার আশ্বাসে॥
প্রতিদিন মহাভয় বীরের তরাসে। [৮]মাগু মৈল পো মৈল দুটি নাতি শেষে[৮]॥
কান্দয়ে ভল্লুক শিরে [৯]মারে করাঘাতি[৯]। জরাকালে হইল মোর এতেক দুর্গতি॥
[১০]বরাহ বলেন মুথা আমার ভক্ষণ[১০]। কার হিংসা নাহি করি নাহি প্রয়োজন॥
ধরণী লোটায়ে কান্দে [১১]বীর আদ্য বরা[১১]। অরুণ লোচন-যুগে বহে জলধারা॥
শ্বাশুড়ী [১২]ননদ মরে[১২] দেওর ভাসুর। পতি গেল রতিসুখ বিধি কৈল দূর॥
[১৩]ছিল মাত্র অভাগীর কোলে এক পো[১৩]। [১৪]পাশরিতে নারিগো[১৪] তাহার মায়া মো॥
ধূলায়ে ধূসর হয়্যা কান্দয়ে [১৫]হস্তিনী[১৫]। [১৬]সোঙরে ভৈরবী ভীমা ভবানী ভাবিনী[১৬]॥
শ্যামল সুন্দর পুত্র কমললোচন। [১৭]ভূযুগল কামধনু মদন-গঞ্জন[১৭]॥
কানন করিত আলা কপালের ছান্দে॥ [১৮]ভাবিতে ভাবিতে রূপ[১৮] প্রাণ মোর কান্দে॥
[১৯]বড় নাম বড় গ্রাম বড় কলেবর[১৯]। [২০]লুকাইতে স্থল নাহি অরণ্য-ভিতর[২০]॥
কি করিব কোথা যাব কোথা গেলে তরি। [২১]আপনার দন্ত হৈল আপনার বৈরী[২১]॥
শুণ্ডে ধরি মহাবীর উপাড়ে দশন। এত অপমান মাতা সহে কোন জন॥

**

হুক হুক করি কান্দে বানর মর্কটে। মিরাসে নাহিক কাজ বীর সনে হটে॥
বৃদ্ধ পিতামহ ছিল রাম সেনাপতি। [২২]সাগর বান্ধিয়া কৈল শ্রীরামের হিতি[২২]॥
কি মোর দারুণ বিধি লিখিল কপালে। [২৩]সাত পুত্র মহাবীর বান্ধি নিল জালে[২৩]॥
বারশিঙ্গা তুলারু ঘোড়ারু ঢোলকান। ধরণী লোটায়্যা কান্দে করি অভিমান॥
কেন হেন জন্ম বিধি [২৪]কৈল[২৪] পাপবংশে। হরিণ ভুবনে বৈরী আপনার মাংসে॥
[২৫]ভূমে গড়াগড়ি কান্দে শশারু শজারু[২৫]। দুঃখ না ঘুচিল [২৬]মোর[২৬] সেবি কল্পতরু॥
গাড়ের ভিতরে থাকি [২৭]লুকি ভালে[২৭] জানি। কি করি উপায় বীর তথি দেয় পানী॥
চারি পুত্র মৈল মোর [২৮]মৈল চারি[২৮] ঝি। মাগু মৈল [২৯]বুড়া কালে[২৯] জীয়া কাজ কি॥
কান্দয়ে নকুল সুত-দারার হাব্যাসে। সবংশে মজিনু আমি তোমার আশ্বাসে॥
পশুগণ সোঙরে [৩০]সবে[৩০] চণ্ডীর চরণ। ধেয়ানে জানিল মাতা পশুর রোদন॥
[৩১]পদ্মাবতী সঙ্গে মাতা করেন যুকতি[৩১]। পশুগণে রাখিতে উরিলা ভগবতী॥
পদ্মাবতী বলে মাতা চলহ ত্বরিত। বিজুবনে যাইয়া পশুর কর হিত॥
[৩২]উত্তরিলা ভগবতী[৩২] পশুর সমাজ। লজ্জাতে মলিন হয়্যা বলে মৃগরাজ॥
অন্যের সেবক হইলে সর্ব্বত্রেতে তরি। তোমার সেবক হয়্যা [৩৩]সবংশেতে[৩৩] মরি॥
অভয়ার চরণে ইত্যাদি॥

পাঠান্তর :

১-১ মাতা

* অতিরিক্ত—

সুখে রাজ্য করিতে আক্ষটি হৈলো কাল। কেন হেন দিলা মাতা বিষয় জঞ্জাল॥
শরভ করভ কান্দে করি অভিমান। আমার জেমন ফুল্য তোমাতে প্রমাণ॥
আন ধায়ে পদ চাব্যে আমি পদ আঠে। শকল বিক্রম টুটে বীরের নিকটে॥
আপনি পসুর মোরে কৈলা পুরোহীত। বিপদ উদ্ধার হেতু তোমার ইঙ্গিত॥ (চ)

২-২ পদে ; ৩-৩ দয়াময়ী ; ৪-৪ প্রতিকার (খ)

৫-৫ পশুনাম ডমুক ; ৬-৬ মারিলেক ; ৭-৭ মরিল পিতা (খ)

৮-৮ নারী পুত্র মৈল নাতি মৈল অবশেষে॥ (ক) ; ৯-৯ করি অত্যাহুতি (চ), করি আত্মঘাতী (ঘ, ছ)

১০-১০ বরাটিয়া চ্যাঙ্গা মুথা আমার ভক্ষণ। (ঘ)
বরাট্যা চুচুড়া মুতা আমার ভক্ষণ। (চ, খ, ছ)

১১-১১ মহাআর্ত্ত বরা (ঘ) ; ১২-১২ শাশুড়ি মৈল

১৩-১৩ ছিল অভাগীর পেটে রণ্ড এক পো। (ঘ)
ছল অভাগীরে মোর পে-রাণ্ড পোএ। (ক)
আছিল অভাগীর এক পেটে রাণ্ড পো। (খ)
ছিল অভাগীর এক পেট রাড় পো। (ছ)

১৪-১৪ পাযুরিব কেমতে ; ১৫-১৫ বাঘিনী

১৬-১৬ মিছ্য বর দিয়া মাতা বধ কৈলে কেনি। (ছ) ; ১৭-১৭ ভুরু কামধনু রূপ মদনমোহন। (ছ)

১৮-১৮ ম্যোগুরি তাহার তনু। ; ১৯-১৯ হস্তী বলে অতি বড় মোর কলেবর। (ছ)

২০-২০ লুকাইতে নাহি ঠাঁই বীরের গোচর। (ঘ, খ) লুকাইতে স্থল নাহি বীর-অগোচর। (চ)

২১-২১ আপনার মাংশে আপনার হৈলো ভারী। (চ)

** অতিরিক্ত—

পূর্ব্বে আছীলাঙ আমি গৃহস্থের ঘরে। শত পুত্র কাটা গেল তোমার কর্পরে।
চারিটি তনয় হৈলো বাস করি বনে। পতি পুত্র বধু মাল্যা কালকেতু-বাণে॥
স্বামীর মরণ মোর হৃদে গুরু কাণ্ড। শংশারে সন্ততি নাহি আরে তথি রাণ্ড॥ (চ)

২২-২২ সাগর লঙ্ঘিয়া হৈল গগনে পদাতি। (খ, ছ)
সাগর লঙ্ঘিতে হৈলো গগনে পদাতি। (চ)
সাগর লঙ্ঘিয়া হৈল সে গণে পদাতি। (ঘ)

২৩-২৩ সাত পুত্র বীর মোর বান্ধে ঘোড়াশালে। (চ)
সাত পুত্র ধরি বীর বাঁধে ফাঁদজালে। (ছ)

২৪-২৪ দিল

২৫-২৫ হেকটী পাড়িয়া কান্দে শশারু শজারু। (খ)
হেকুটি করিয়া কান্দে সজারু সসারু। (ছ)

২৬-২৬ মা ; ২৭-২৭ লুকাবারে

২৮-২৮ আর দুটি ; ২৯-২৯ তথি বুড়া ; ৩০-৩০ ওথা

৩১-৩১ পদ্মারে জিজ্ঞাসে দেবী যাবার অনুমতি। (খ)
পদ্মারে জিজ্ঞাসি দেবী নিলেন আরতি। (ছ)

৩২-৩২ উপনীত দেবী তথা ; ৩৩-৩৩ বিপাকেত

Elearning Info
https://www.elearninginfo.in

# ফুল্লরার বারমাসের দুঃখ

[১]পাশেতে বসিয়া রামা কহে দুঃখবাণী। ভাঙ্গা কুড়্যা ঘরখানি পত্রের ছাওনী॥
ভেরাণ্ডার থাম তার আছে মধ্য ঘরে। প্রথম বৈশাখ মাসে নিত্য ভাঙ্গে ঝড়ে॥[১]
[২]অনল সমান পোড়ে বৈশাখের খরা[২]। তরুতল নাহি মোর করিতে পসরা॥
পদ পোড়ে খরতর রবির কিরণ। শিরে দিতে নাহি আঁটে খুঞ্রার বসন॥
বৈশাখ হৈল[৩] আগো মোরে বড় বিষ[৩]। মাংস [৪]নাহি খায় সর্ব্ব লোক[৪] নিরামিষ॥
[৫]পাপিষ্ঠ জ্যৈষ্ঠ মাসে প্রচণ্ড তপন। খরতর পোড়ে অঙ্গ রবির কিরণ॥[৫]
পসরা এড়িয়া জল খাত্যে যাত্যে নারি। দেখিতে দেখিতে চিলে লয় [৬]আধা সারি[৬]॥
[৭]পাপিষ্ঠ জ্যৈষ্ঠ মাস পাপিষ্ঠ জ্যৈষ্ঠ মাস। বেঙচের ফল খায়্যা করি উপবাস॥[৭]
[৮]আষাঢ়ে পূরিল মহী নবমেঘে জল। বড় বড় গৃহস্থের টুটয়ে সম্বল॥[৮]
মাংসের পসরা লয়্যা বুলি ঘরে ঘরে। কিছু খুদ-কুড়া মিলে উদর না পূরে॥
[৯]কি কহিব দুঃখ মোর কহনে না যায়। কাহারে বলিব কি দূষিব বাপ মায়॥[৯]
শ্রাবণে [১০]বরিষে মেঘ[১০] দিবস রজনী। সিতাসিত দুই পক্ষ একই না জানি॥
*
[১১]আচ্ছাদন নাহি অঙ্গে পড়ে মাংস-জল। কত মাছি খায় অঙ্গে করমের ফল॥[১১]
অভাগ্য মনে গুণি অভাগ্য মনে গুণি। কতশত খায় জোঁক নাহি খায় ফণী॥
ভাদ্রপদ মাসে [১২]বড়[১২] দুরন্ত বাদল। [১৩]নদনদী একাকার আটদিকে জল[১৩]॥
**
[১৪]কিরাত পাড়াতে বসি না মেলে উধার। হেন বন্ধুজন নাহি যেবা সহে ভার॥[১৪]
***
দুঃখ কর অবধান দুঃখ কর অবধান। [১৫]লঘুবৃষ্টি কুড়াতে সদাই বহে বাণ॥[১৫]
****
[১৬]আশ্বিনে অম্বিকা পূজা করে জনে জনে। ছাগল মহিষ মেষ দিয়া বলিদানে॥[১৬]
উত্তম বসনে বেশ করয়ে বনিতা। অভাগী ফুল্লরা করে [১৭]উদরের[১৭] চিন্তা॥
[১৮]কেহ না আদরে মাংস কেহ না আদরে।[১৮] দেবীর প্রসাদ-মাংস সবাকার ঘরে॥
কার্ত্তিক মাসেতে হৈল হিমের জনম। [১৯]করয়ে সকল লোক শীত নিবারণ[১৯]॥
নিযোজিত কৈল বিধি সবার কাপড়। অভাগী ফুল্লরা পরে হরিণের ছড়॥
*****
মাস মধ্যে [২০]মাইশর[২০] আপনি ভগবান। হাটে মাঠে গৃহে গোঠে সবাকার ধান॥
******
উদর [২১]ভরিয়া অন্ন[২১] দৈবে দিল যদি। যম সম শীত তথি নিরমিল বিধি॥
*******
[২২]বড় দুঃখ মনে গুণি বড় দুঃখ মনে গুণি। পুরাণ খোসলা গায় দিতে করে পানি॥[২২]
কত নিবেদিব দুঃখ কত নিবেদিব দুঃখ। বিপাক পাইল স্বামী বিধাতা বৈমুখ॥
পৌষে [২৩]সকল ভোগ[২৩] সুখী সর্ব্বজন। [২৪]তুলি পাড়ি পাছুড়ি শীতের নিবারণ[২৪]॥
[২৫]তৈল তুলা তনূনপাৎ তাম্বুল তপন। করয়ে সকল লোক শীত নিবারণ॥[২৫]
[২৬]হরিণী বদলে পাইনু পুরাণ খোসলা।[২৬] উড়িতে সকল অঙ্গে বরিষয়ে ধূলা॥

বৃথা বনিতা-জনম বৃথা বনিতা-জনম। ধূলি ভয়ে নাহি মেলি শয়নে নয়ন॥
দুঃখ কর অবধান দুঃখ কর অবধান। জানু ভানু কৃশানু শীতের পরিত্রাণ॥
[২৭]মাঘ মাসে অনিবার সদাই কুজ্ঝটী। আন্ধারে লুকায় মৃগ না পায় আক্ষটী॥[২৭]
ফুল্লরার কত আছে কর্ম্মের বিপাক। মাঘ মাসে [২৮]কাননে[২৮] তুলিতে নাহি শাক॥
********
[২৯]শুন মোর বাণী রামা শুন মোর বাণী। কোন সুখে মোর সাথে হইবে ব্যাধিনী॥
সহজে শীতল ঋতু ফাগুন যে মাসে। পোড়ায়ে রমণীগণ বসন্ত-বাতাসে॥[২৯]
[৩০]মধুমাসে মলয়-মারুত বহে মন্দ। মালতীর মধুকর পিয়ে মকরন্দ॥[৩০]
বনিতা-পুরুষ যত পীড়য়ে মদনে। [৩১]ফুল্লরার অঙ্গ পুড়ে[৩১] উদর-দহনে॥
[৩১]দারুণ দৈব-দোষে গো দারুণ দৈব-দোষে। একত্র শয়নে স্বামী যেন যোল ক্রোশে॥[৩২]
[৩৩]অনল সমান পোড়ে চইতের খরা। চালুসেরে বান্ধা দিনু মাটিয়া পাথরা॥[৩৩]
ফুল্লরার কত আছে করমের ফল। মাটিয়া পাথরা বিনে অন্য নাহি স্থল॥
দুঃখ কর অবধান দুঃখ কর অবধান। আমানি খাবার গর্ত্ত দেখ বিদ্যমান॥
[৩৪]ফুল্লরার অভিলাষ বুঝিয়া পার্ব্বতী। আশ্বাস করিয়া তারে বলেন ভারতী॥[৩৪]
আজি হইতে মোর ধনে আছে তোর অংশ। শ্রীকবিকঙ্কণ গীত গান ভৃগুবংশ॥

---

পাঠান্তর :

১-১ সুকুমার সেন সম্পাদিত পুঁথিতে নেই।
২-২ বৈশাখে বসন্ত ঋতু খরতর খরা। (খ, গ, ছ)
পুণ্যকর্ম্ম বৈশাখেতে খরতর খরা। (চ)
৩-৩ মোরে বিষ ; ৪-৪ না বিকায় সভে করে
৫-৫ জইষ্ঠের রবির তাপে কেহ নহে স্থির। তৃশাকুল হইগ নিকটে নাহি নীর॥ (চ)
পাপিষ্ঠ জইষ্ঠ মাস প্রচণ্ড তপন। খণ্ড খণ্ড হইল মোর খুঞার বসন॥ (ছ)
৬-৬ এক শারী (গ, চ, ছ)
৭-৭ য়ন্য নাহি মিলে এই পাপ জষ্ঠী মাসে। বেঙছির ফল খেঞা থাকি উপবাসে॥ (গ)
৮-৮ ভুবন পুর্নিত হৈল নবমেঘজল। হেনকালে মৃগ মারে পাপ কর্ম্মফল॥ (খ, চ)
৯-৯ সুকুমার সেন সম্পাদিত পুঁথিতে নেই।
১০-১০ বরিখে ঘন

* অতিরিক্ত—
চারি মাসে বস্ত্রখানি হইঞা গেল তৃণ্ডা। পালটিতে নাহি মোর একখানি মুণ্ডা॥ (গ)
১১-১১ সুকুমার সেন সম্পাদিত পুঁথিতে নেই। ১২-১২ রামা
১৩-১৩ সকলে দরিদ্র বীর সম্বলে বিরল। (ঘ) ; সকলে দরিদ্র বীর সম্বলে নিকল। (খ)

** অতিরিক্ত—
পসরা করিয়া সিরে ফিরে ঘরে ঘরে। য়নলে পুড়এ অঙ্গ ভিতরে বাহিরে॥ (গ)
১৪-১৪ সুকুমার সেন সম্পাদিত পুঁথিতে নেই।

*** অতিরিক্ত—
ভুবন তরিল আসি নব মেঘ জলে। হেনকালে মৃগ মারে পাপ কর্মফলে॥ (ছ)
১৫-১৫ নাঞি ঝড় বীরের কুড়্যায় আল্যযান। (ছ)

**** অতিরিক্ত—
কত নিবেদিব দুঃখ কত নিবেদিব দুঃখ। বিপথি হইল স্বামী বিধাতা বিমুখ॥ (ছ)

৮-৮ সুকুমার সেন সম্পাদিত পুঁথিতে নেই।
৯-৯ সত্য মিথ্যা বচনে আপনি ধর্ম্ম সাক্ষী।
তিন দিবসের চাঁদ দুয়ারে বসি দেখি॥ (ক, ঘ, ছ)

**** অতিরিক্ত—
এমন শুনিঞা বীর করিল গমন। আপনার মন্দিরে গিয়া দিল দরশন॥
চুপড়ি পসার পাটি ছাড়িল ফুল্লরা। মাথায় করিয়া রামা মাংসের পসরা॥
ভাঙ্গা কুড়া ঘরখান করে ঝলমল। দেখিবারে পাইল তাঁর চরণকমল॥ (ছ)
১০-১০ প্রণাম করিয়া বীর
১১-১১ অভয়ামঙ্গল